

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৩ /২০১৬

০৮ মার্চ, ২০১৬  
তারিখ : -----  
২৫ ফাল্গুন, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**কার্ড ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত ও ঝুঁকি মোকাবেলায় ব্যাংকসমূহের করণীয় প্রসঙ্গে।**

সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, বাংলাদেশে কার্যরত ব্যাংক এবং বহিঃবাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত কার্ডের দ্বারা দেশের অভ্যন্তরে কয়েকটি ব্যাংকের ATM এবং POS লেনদেনে জালিয়াতির মাধ্যমে গ্রাহকের হিসাব হতে অর্থ উত্তোলন করা হচ্ছে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৯ মাধ্যমে জারীকৃত “Guidelines on ICT Security for Banks and Non Bank Financial Institutions” এবং কার্ডভিত্তিক লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করা ও ঝুঁকি মোকাবেলায় অত্র বিভাগ হতে এ সম্পর্কিত জারীকৃত সকল সার্কুলার যথাযথ পরিপালনপূর্বক নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ দেওয়া যাচ্ছে :

১. ডেবিট ও ক্রেডিট কার্ডের ক্ষেত্রে ATM লেনদেনের পাশাপাশি সকল ধরনের POS লেনদেন পিন ভিত্তিক করতে হবে। সকল ধরনের POS লেনদেনে কার্ডধারী স্বহস্তে পিন প্রদান করবেন যা Online PIN Authorization এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। একইসাথে POS-এ Manual Key Entry Mode রহিত করা হলো।
২. কার্ড ভিত্তিক সকল ধরনের লেনদেনের তথ্য স্বয়ংক্রিয় পদ্ধতিতে তাৎক্ষণিক SMS এলার্ট প্রদানের মাধ্যমে গ্রাহককে অবহিত করতে হবে।
৩. কার্ড ভিত্তিক POS লেনদেনের ক্ষেত্রে মার্চেন্ট কর্তৃক গ্রাহকের কার্ড সংশ্লিষ্ট তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে সকল দায়-দায়িত্ব Acquiring ব্যাংকসমূহের উপর বর্তাবে।
৪. কর্ডযুক্ত POS ডিভাইসসমূহ কর্ডলেস ডিভাইস দ্বারা প্রতিস্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।
৫. কার্ড ভিত্তিক POS লেনদেনের ক্ষেত্রে নেটওয়ার্কের আওতায় সকল টার্মিনালের Point-to-Point Data Encryption নিশ্চিত করতে হবে।
৬. কার্ডভিত্তিক লেনদেনের ঝুঁকি হ্রাসকল্পে সকল ATM বুথে এবং POS মার্চেন্ট পয়েন্ট-এর কাছে দৃশ্যমান স্থানে “পিন ব্যবহার কালে যথাযথ সতর্কতা/গোপনীয়তা অবলম্বনসহ সঠিক উপায়ে কার্ড ব্যবহার বিধি”-এর চিত্র সম্বলিত পোস্টার লাগাতে হবে।

উপর্যুক্ত সকল কার্য প্রক্রিয়া আগামী ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন নিশ্চিত করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ ইস্কান্দার মিয়া)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১৭৪